রঘুনাথগঞ্জ শাখার
শুভ উদ্বোধন উপলক্ষে
মাত্র ৭৫৲ টাকায় রেডিও
বাকী টাকা কিস্তিতে দেয়
ইলেকট্রনিকের সকল রকম
ট্রানজিষ্টার রেডিওতে নগদ ক্রেতাদের
১৫ই অক্টোবর পর্য্যন্ত
১০৲ টাকা হইতে ৩০৲ টাকা পর্য্যন্ত
বিশেষ কনশেসন
ধনরাজ পিপাড়া
রঘুনাথগঞ্জ (সদরঘাট), মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

বহরমপুর এক্সরে ক্লিনিক
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১১ই আশ্বিন বুধবার, ১৩৭৩ ইং 28th Sept 1966 { ১৯শ সংখ্যা


সকল ঘরের তরে...
দীপ্তি লণ্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

রান্নায় আনন্দ
এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের ভীতি দূর করে রন্ধন প্রীতি এনে দিয়েছে।
রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।
জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।
• ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।

খাস জনতা
কেরোসিন কুকার
উত্তর ভারতে ও বিপুলতা আকারে।
প্রস্তুতকারক:
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

দাস ঘর
পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)
সকল প্রকার সাইন-বোর্ড লেখা হয়

স্টুডেন্টস ফেভারিট
স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।
STUDENTS' FAVOURITE
Phone—R.G.G. 44.

সৰ্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ



জঙ্গিপুর সংবাদ

১১ই আশ্বিন বুধবার সন ১৩৭৩ সাল।

## দৃষ্টান্ত ও সিদ্ধান্ত

—•—

উদাহরণ দিয়া সম্যক অর্থাৎ হুবহু যা দেখিয়ে দেওয়া যায় তার নাম দৃষ্টান্ত। সাক্ষ্য প্রমাণ দিয়া যা মীমাংসা দ্বারা বুঝিয়ে দেওয়া যায় তার নাম সিদ্ধান্ত।

যদি কোন মাতালকে তার মত্ত অবস্থায় কথিত কোন অকথ্য বিষয় বলা যায়, সে তা অস্বীকার করিতেও পারে, কিন্তু যদ্যপি তার কথাগুলি গ্রামো-ফোনের রেকর্ডের মত রেকর্ড করিয়া রাখা যায় এবং মাতালের জ্ঞান হইলে পর সেই রেকর্ড যন্ত্রে দিয়া তাহাকে শোনান যায়, এ যে তাহার কথা নয় বলিয়া সে অস্বীকার করিতে পারে না। অজ্ঞানে যা বলিয়াছে তা যখন জ্ঞানে শুনিবে তখন খুব লজ্জিত হইবেই। মাতালের মত্ত অবস্থায় কথিত কথাগুলি রেকর্ডে ধরিয়া রাখে জাপানের পুলিশ। মাতালের জ্ঞান হইলে তাহাকেই শুনাইয়া লজ্জা দেয়।

আমাদের এই ভারতে যখন মান্যগণ্য প্রধান প্রধান দিকপালগণ বাহাদুরী দেখাইয়া বচনের তুবড়ী ছুটান, কিন্তু বাক্যাড়ম্বরই সার, কাজে তার এক কড়াও করিতে পারেন না, এই সব বচন-বাগীশদের কথাগুলি যদি রেকর্ড করিয়া তাঁহার কাজের সহিত উপদেশের অসামঞ্জস্য চোকে আঙুল দিয়ে দেখিয়ে দেওয়া যায়, তবে যদি "মুখেন মারিতং জগৎ" অভ্যাসটী তাঁদের ঘুচলেও ঘুচতে পারে। নিজে ভুল উপদেশ দেয়, তার উপদেশের কাজ যখন বিফল হয়, তখন আর জবাব থাকে না।

এক বৃদ্ধ ডাকাতের সর্দ্দার নিজের ছয় ছেলে ও অনেকগুলি শাগরেদ নিয়ে লুণ্ঠন ব্যবসা চালাইত। সবকে বুঝাইত—দেখ, আমি ডাকাইতি করিতে যাবার আগে যে কালী-মায়ের আরাধনা করি এই ভক্তি আমাকে আধ্যাত্মিক শক্তি দান করে, তাই ধরা পড়ি না। মায়ের দয়ায় আমার বল বুদ্ধি সব কত মামলায় পুলিশকে বেকুব বানিয়ে বে-কসুর খালাস হয়েছি—তাতো তোরা সকলেই দেখেছিস্। সরদার এবার সবাকে নিয়ে একটা বড় ডাকাতি করে বহু টাকার মাল পেয়েছে। তার মতলব—ছয় ছয়টা ছেলে আর সে মোট সাত জন, আর সব ডাকাত একা একা; ওরা আমার সঙ্গে যুঝে পারবে না।

যখন শাগরেদরা সরদারের কাছে এসে মাল ভাগ করার জন্য অনুরোধ করে, তখন বুড়ো নানা ওজর করে। কখন বলে এখনও পুলিশ গোয়েন্দা ফিরছে। সব চুপচাপ হ'য়ে আবহাওয়া ঠাণ্ডা হোক, তখন যার যা ন্যায্য অংশ তাকে দিয়ে দিব। ছটফট্ করিস্‌নে। "সবুরে মেওয়া ফলে" এটা মহাপুরুষের কথা। সব শাগরেদ বুড়োর কাছে ঘুরে ঘুরে বিরক্ত হ'য়ে উঠলো। ক্যাবলা বাগদী একদিন মনে মনে বুদ্ধি আঁটলো। বুড়োকে মা-কালীর আদেশ দিয়ে জব্দ ক'রে ভাগ নিতে হবে।

বৃদ্ধের এক ছেলে বাবাকে বল্লে—দেখ শাস্ত্রে বলে—বিশ্বাসঘাতকের মত পাপী নাই। ওরা আমাদের বিশ্বাস ক'রে মাল রেখেছে। সবকে ডেকে ভাগ ক'রে দিলেই হয়। বুড়ো সরদার ছেলের মুখে শাস্ত্রের নাম শুনে সব ছেলেকে ডেকে নিজের পা ছুঁইয়ে প্রতিজ্ঞা করালে—পিতৃ-আজ্ঞা শাস্ত্র চেয়ে কম নয়। আমার আদেশ--তোরা যেখানে শাস্ত্র পাঠ হবে সেখানে যাবিনে—শাস্ত্রের কথা যেন কানে না যায়।

একদিন সেই, যে ছেলে শাস্ত্রের কথা বলেছিল—এক রাস্তা দিয়ে আসছে। পথের মধ্যে হিন্দুস্থানী-দের রামায়ণ পাঠ আরম্ভ হ'য়েছে। রামায়ণের কথা কানে গেলে পিতৃ-আজ্ঞা লঙ্ঘন করা হবে। সেই ভয়ে সে কানে আঙ্গুল দিয়ে ছুটে আসতে আসতে পা পিছলে পড়ে গিয়ে এক কানের আঙ্গুল একটু ফস্‌কে গিয়ে তার কানে পাঠক পণ্ডিতজীর "দেওতাকে ছায়া নেহি" হঠাৎ "দেবতার ছায়াহীন দেহ" এই বাক্যটি প্রবেশ করলো। সরদারের ছেলে বাড়ী এসে পিতার পায়ে পড়ে কাতরস্বরে বললে—বাবা, আজ দৈবাৎ শাস্ত্রের কথা কানে গিয়াছে। বৃদ্ধ সরদার জিজ্ঞাসা করলে—কি কথা শুনেছিস্ বল্‌তো।

ছেলে—দেওতাকো ছায়া নেহি।

বাবা—ওতে কিছু অপরাধ হবে না। দেবতার ছায়া থাক বা না থাক ওতে আমার পেশার কোন ক্ষতি হবে না। যা, মনে দুঃখু করিস্‌নে।

সেই রাত্রেই শাগরেদ ক্যাবলা বগদী কালীর মুখোস মাথায় প'রে, সরদার যে বারান্দায় ঘুমাচ্ছে, তার মাথার দিকে ব'সে—বলে উঠলো দেখ সরদার আমার সাধনা ক'রে—যে অর্থ পেয়েছিস্ তা যদি অন্য সবকে ভাগ না দিস্ তবে তোর ছয় বেটাকে একদিনে বিনাশ করবো। সরদার হাত দুটি জোড় করে বল্লে—মা কালই আমি সবকে ডেকে ভাগ দিব। যখন কালীমূর্ত্তি ক্যাবলা উঠানে নেমেছে, জোছনা রাত্রে তার ছায়া পড়েছে। আজই সরদার তার ছেলের কাছে শুনেছে—দেবতার ছায়া নাই। তখন বুড়ো তাড়াতাড়ি মা-কালীর পিছু ধাওয়া ক'রে তাকে ধ'রে ছেলেদের ডাকলো—তারা কালীর মুখোস খুলে দেখলো—ক্যাবলা বাগদী। ওকে উত্তম মধ্যম দিয়ে বিদায় করলো। তখন সরদার সব ছেলেকে বল্‌লে—দেখ শাস্ত্র মানতে হবে। শাস্ত্রের কথায় আজ প্রায় লক্ষ টাকা বেঁচে গেল। তখন ওরা শাস্ত্র পাঠও করে ডাকাতিও করে।

---

## সারে সোসাইটির কারসাজি

বীরভূম ইলামবাজার থানা কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটী তার অধীনস্থ সমিতিগুলিকে মিশ্র সারের বস্তার ওজন বেশী দেখাইয়া ঠকাইতেছেন। সোসাইটী প্রতি বস্তা ৭৫ কেজি করিয়া ওজন লইয়া খরিদ করিতেছেন এবং সমিতি গুলিকেই বস্তা (নানারূপ কারসাজি করিয়া) ৭৮ হইতে ৮৫ কেজি ওজন দেখাইয়া বিক্রয় করিতে-ছেন। সমিতির গত ২৭-৮-৬৬ তারিখের মিটিংয়ে ইহা লইয়া বেশ হৈচৈ হইয়াছে।

---

## আসন্ন নির্বাচনে কংগ্রেস প্রার্থীদের খসড়া তালিকা

মুর্শিদাবাদ জেলার নিম্নলিখিত প্রার্থিগণকে কংগ্রেসের মনোনয়ন দেওয়ার জন্য জেলার কংগ্রেস কমিটি থেকে প্রদেশ কংগ্রেস কমিটির কাছে সুপারিশ করা হয়েছে বলে প্রকাশ :—

বিধানসভা ( ১৮ আসন ) :—

ফরাক্কা—শ্রীআবুল হোসেন ( বর্ত্তমান সদস্য ); সুতী—শ্রীসোহরাব আলি ; জঙ্গিপুর—শ্রীমুক্তিপদ চট্টোপাধ্যায় ( বর্ত্তমান সদস্য ); সাগরদীঘি—শ্রীঅম্বিকাচরণ দাস ( বর্ত্তমান সদস্য ), লালগোলা—শ্রীআবদুস্ সাত্তার ( বর্ত্তমান এম এল সি ); ভগবানগোলা—শ্রীসত্যব্রত ভট্টাচার্য্য ; নবগ্রাম—শ্রীঅমলেন্দু বাগচী, অথবা শ্রীদুর্গাপদ সিংহ ( বর্ত্তমান এম এল সি ); মুর্শিদাবাদ—শ্রীকাজেম আলি মির্জ্জা ( বর্ত্তমান সদস্য ); জলঙ্গী—শ্রীআজিজুল হক ; ডোমকল—শ্রীআবদুল বারি ( বর্ত্তমান সদস্য ); নওদা—মহম্মদ ইসমাইল ( বর্ত্তমান সদস্য ); হরিহরপাড়া—শ্রীসামসুদ্দিন আহমেদ ( বীরভূম জেলা থেকে নির্বাচিত বর্ত্তমান সদস্য ); বেলডাঙ্গা—মহঃ লতিফ ( বর্ত্তমান সদস্য ); বহরমপুর—শ্রীশ্রীপদ ভট্টাচার্য্য ; কান্দী—শ্রীগোলবদন ত্রিবেদী ; বরোয়া—জানা যায়নি, তবে বীরেন্দ্রনাথ সরকারের নাম শোনা যাচ্ছে ; খড়গ্রাম—শ্রীসুধীর মণ্ডল ; জিয়াগঞ্জ—শ্রীশ্রীপতি সিংহ।

লোকসভা ( ৩টি আসন ) :—

বহরমপুর—শ্রীদুর্গাপদ সিংহ অথবা শ্রীনজরুল খন্দকার ; মুর্শিদাবাদ—মহঃ খোদাবক্স ; জঙ্গিপুর—শ্রীলুৎফল হক ( বর্ত্তমান এম এল এ )।


## উৎকৃষ্ট ধানী জমি বিক্রয়

রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত মণ্ডলপুর ও সেনডা জামুয়ার মৌজায় ক্যানেলের সেচ পাওয়া আনুমানিক ৭৫ পঁচাত্তর বিঘা ধানী জমি বিক্রয় হইবে। নিম্নে অনুসন্ধান করুন।

শ্রীলক্ষ্মীনারায়ণ ঘোষাল
প্রধান, জামুয়ার অঞ্চল পঞ্চায়েত
মণ্ডলপুর, পোঃ বাড়ালা ( মুর্শিদাবাদ )


## জনসভা

মাধ্যমিক শিক্ষকগণের কর্মবিরতির ভিত্তিতে গত ২৪শে সেপ্টেম্বর শনিবার বৈকালে রঘুনাথগঞ্জ সদরঘাটে জঙ্গিপুর মহকুমা শিক্ষক সমিতির উদ্যোগে শিক্ষক ও অভিভাবকদিগের এক সভা অনুষ্ঠিত হয়। রঘুনাথগঞ্জ উচ্চ মাধ্যমিক বহুমুখী বিদ্যালয়ের সম্পাদক ডাঃ শ্রীগৌরীপতি চট্টোপাধ্যায় মহাশয় এই সভায় পৌরোহিত্য করেন। অভিভাবকদের পক্ষ হইতে শ্রীদেবব্রত ঘোষাল, শ্রীবরুণ রায় সরকারের শিক্ষানীতির প্রতিবাদ করিয়া শিক্ষকদের দাবী পূরণের জন্য বর্ত্তমান কর্মবিরতিকে সমর্থন করেন এবং শিক্ষাক্ষেত্রে সরকারী নিষ্ক্রিয়তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য অভিভাবক সমাজকে অগ্রণী হইতে আহ্বান জানান। রঘুনাথগঞ্জ উচ্চ মাধ্যমিক বহুমুখী বালিকা বিদ্যালয়ের সম্পাদক শ্রীরোহিণীকুমার রায় মহাশয় শিক্ষকদের স্বল্প বেতন অনিয়মিত সরকারী সাহায্যদান প্রভৃতির সমালোচনা করেন এবং বর্ত্তমান পরিস্থিতিতে ছাত্রদের অপূরণীয় ক্ষতির উল্লেখ করিয়া সুচিন্তিত কর্মপন্থা গ্রহণের অনুরোধ জানান। শিক্ষকদের পক্ষ হইতে শ্রীলুৎফল হক, এম-এল-এ (কং) বলেন যে, গণতন্ত্রের সাফল্য তখনই যখন দেশের প্রতিটি নাগরিক শিক্ষিত হইবেন। শ্রীহক বলেন যে, সরকারের শিক্ষানীতির বিরুদ্ধে আজ জনগণকে পুরোভাগে আসিতে হইবে এবং ঐক্যবদ্ধ হইয়া ব্যবস্থা গ্রহণ করিতে হইবে। শ্রীঅবনীকুমার রায়, জেলা শিক্ষক সমিতির পক্ষ হইতে শ্রীগৌরী ভট্টাচার্য্য ও শ্রীসুনীতি বিশ্বাস বর্ত্তমান শিক্ষক কর্মবিরতির বিভিন্ন দিক সম্বন্ধে আলোচনা করেন। সভাপতির ভাষণে শ্রীচট্টোপাধ্যায় শিক্ষকদের কর্মবিরতিকে সমর্থন করেন এবং শিক্ষাক্ষেত্রে অরাজকতার ব্যাপারে সরকারী মনোভাবের তীব্র প্রতিবাদ জানাইবার জন্য অভিভাবক তথা জনগণকে অনুরোধ জানান। অতঃপর সভায় শিক্ষকদের কর্মবিরতির সমর্থনে এক প্রস্তাব গৃহীত হয়।

---

## পদ্মফুলে বিপত্তি

ইসলামবাজার অবর বিদ্যালয় পরিদর্শক অফিসের পিয়ন শ্রীবৈদ্যনাথ মুখোপাধ্যায় পদ্মফুল তুলিতে গিয়ে জলে ডুবিয়া মারা গিয়াছে।

## সরকারী বিজ্ঞপ্তি

১৯৪০ সালের মোটরযান আইনের ৫৭ নিয়মের উপনিয়ম (খ) এর সহিত পঠিত ১৯৩৯ সালের মোটরযান আইনের ( ১৯৩৯ সালের ৪নং আইন ) ৫৭ ধারা অনুযায়ী সচিব, আঞ্চলিক পরিবহন প্রাধিকার, মুর্শিদাবাদ, পোঃ বহরমপুর, বিজ্ঞাপিত করিতেছেন বহরমপুর—পিরোজপুর ঘাট ( স্বরূপপুর হইয়া ) বাসরুট ( প্রত্যহ উভয়দিকে এক ট্রিপ ) একটি যাত্রীবাহী গাড়ীর স্থায়ী পারমিটের জন্য একটি দরখাস্ত তাঁহার অফিসে গৃহীত হইয়াছে। আবেদনকারীর নাম ও ঠিকানাসহ আবেদনপত্র মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহন প্রাধিকার অফিসের নোটিস বোর্ডে ১৫-৯-৬৬ তারিখ হইতে টাঙাইয়া রাখা হইয়াছে। এই ব্যাপারে আর্জিসমূহ ( যদি কিছু থাকে ) উপরোক্ত সচিব কর্ত্তৃক ১৯ অক্টোবর, ১৯৬৬ তারিখ পর্যন্ত বিবেচনার জন্য গৃহীত হইবে। উক্ত দরখাস্ত এবং আর্জিসমূহ ( যদি পাওয়া যায় ) মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহন প্রাধিকার কর্ত্তৃক মুর্শিদাবাদের জেলা শাসকের অফিসে ১৯-১০-৬৬ তারিখের পরে ইহার সভায় বিবেচিত হইবে। উক্ত সভার প্রকৃত তারিখ যথাসময়ে জানানো হইবে।

## সরকারী চাকুরী

### আবগারী কনষ্টেবল নিয়োগ

মুর্শিদাবাদ জিলায় অস্থায়ী আবগারী কনেষ্টেবল গাঁজা-মাঠের পদসমূহের জন্য ভারতীয় নাগরিকদিগের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। প্রার্থিগণকে অবশ্যই ইংরাজী এবং বাংলা লেখাপড়ার জ্ঞান থাকা দরকার। বেতনক্রম ৬৫৲—১—৮৫৲ টাকা তদুপরি প্রদেয় ভাতাদি। শারীরিক যোগ্যতা বয়স ১৮ বৎসর হইতে ২৫ বৎসর, সর্ব্বনিম্ন উচ্চতা ৫′—৪″, বুক সর্ব্বনিম্ন ৩১″, ফুলাইলে অন্ততঃ ২″ সম্প্রসারণশীল। নাম, ঠিকানা, বয়স, যোগ্যতাবলী এবং পূর্ব্ব অভিজ্ঞতার বিবরণ উল্লেখে আগামী ৮-১০-৬৬ তারিখের মধ্যে দরখাস্ত মুর্শিদাবাদ জিলার অন্তঃশুল্কাধ্যক্ষের (সুপারিন্টেণ্ডেন্ট অব এক্সাইজ) নিকট পৌছান চাই।

স্বাঃ- পি-এন-নস্কর
অন্তঃশুল্কাধ্যক্ষ, মুর্শিদাবাদ।



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

**আমলা** কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

অম্বলের যম **আরকানা** অম্বলের যম

অম্লশূল, পিত্তশূল, টক-বমি, অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, লিভার ব্যথা ও যাবতীয় পেটবেদনায় আশু ফলপ্রদ সকল সম্ভ্রান্ত ঔষধালয়ে পাইবেন।

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও**
**সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—*শ্রীননীগোপাল সেন*, কবিরাজ
অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং *বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি* ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

***সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়***

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

**আর্ট ইউনিয়ন**

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬

---

**শ্রীঅরুণ**

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার
ছায়াবাণী সিনেমার সম্মুখে
পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

*ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের*

**পামারি**

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ
কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

---

হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

পণ্ডিত-প্রেসে পাইবেন।

---

*জঙ্গিপুর সংবাদ* সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২·২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।
বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)